স্থানীয়দের চেষ্টায় সুন্দরবনের জলদস্যু নজির গ্রেপ্তার



অস্ত্র সহ জলদস্যু নজির

সাতক্ষীরার শ্যামনগরের হরিগ্রাম মীরগাং থেকে স্থানীয়দের চেষ্টায় এক জলদস্যুকে গ্রেপ্তার করেছে এলাকাবাসী। আটককৃত ব্যাক্তির নাম নজির। স্থানীয়দের তথ্য সূত্রে সে জলদস্যু বাহিনীর সাথে বেশ অনেকদিন যাবত মানুষদের জিম্মি করে মুক্তিপন আদায় করে আসছে।
গতকাল রাত (১৬ই জুন) আনুমানিক রাত সাড়ে দশটায় মীরগাং থেকে তাকে গ্রেপ্তার করা হয়। এসময় তার নৌকা থেকে একটি ওয়ান স্যুটার (১ নালা বন্ধুক) ও একটি দেশীয় দা উদ্ধার করে শ্যামনগর থানা পুলিশ।

স্থানীয় বাসিন্দারা জানান, "দিনে কিংবা রাতে তারা নৌকা নিয়ে মাছ ধরতে বের হতে পারেনা। এখন পর্যন্ত তাদের এলাকায় অনেকজন দস্যুতার স্বীকার হয়েছে। জলদস্যু নজিরকে গ্রেপ্তারের পর বাকি জলদস্যু গ্রেপ্তার সম্ভব বলে আশাবাদী।"

এ বিষয়ে শ্যামনগর থানার ওসি হুমায়ূন কবির মোল্লা ঘটনার সত্যতা স্বীকার করেছেন। তিনি বলেন, "স্থানীয়দের দ্বারা আটককৃত ১ জন (নজির) আসামীকে থানায় নেওয়া হয়েছে। তার থেকে একটি ১ নলা বন্ধুক ও দেশীয় দা উদ্ধার করা হয়েছে। তাকে জিজ্ঞাসাবাদে আরো তথ্য পাওয়া যাবে বলে আশাবাদী। ঘটনার সাথে জড়িত বাকিদের গ্রেপ্তারের চেষ্টা চলছে। তার বিরুদ্ধে আইনি প্রক্রিয়া চলমান।"